রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারী ২২, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিচার শাখা-৪

প্রজ্ঞাপনসমূহ

ঢাকা, ৭ই ফাল্গুন ১৩৯৫/১৯শে ফেব্রুয়ারী ১৯৮৯

নং এস, আর, ও ৫৪-আইন/৮৯/১১০-বিচার ৪/৫সি-৭/৮৩—দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নং আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে, অত্র মন্ত্রণালয়ের ২৩শে ভাদ্র ১৩৯৫/৭ই সেপ্টেম্বর ১৯৮৮ তারিখের ২৯২/২-বিচার ৪/৫সি-৪/৮৭ নম্বর স্মারকে সৃজিত নড়াইলের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, বরিশাল জেলার জেলা সদরে অনুষ্ঠিত হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

নং এস, আর, ও ৫৫-আইন/৮৯/১০৯-বিচার ৪/৫সি-৭/৮৩—দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন( ১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ১৭ই পৌষ ১৩৯৫/৩১শে ডিসেম্বর ১৯৮৮ তারিখের এস, আর, ও ৩৮৬/আইন/৮৮/৫৩৪-বিচার ৪/৫সি-৭/৮৩ নম্বর প্রজ্ঞাপন সংশোধনক্রমে সরকার নির্দেশ দিতেছেন যে, পটুয়াখালীর যে



মূল্য: ৩০ পয়সা

অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি বরিশালে বদলী করা হইয়াছিল তাহা, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, বরিশালের পরিবর্তে পটুয়াখালী জেলার জেলা সদরে পুনঃ স্থাপিত হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, এফ, জি, মহিউদ্দিন

উপ-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।